



১৩ই অক্টোবর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

কক্সবাজারে যৌন নির্যাতনের শিকার ব্লাস্টের নারী সহকর্মীর নিরাপত্তা ও ন্যায়বিচারের দাবী

গত ০৮ অক্টোবর ২০২০ তারিখে কক্সবাজার জেলার টেকনাফে অবস্থিত বিজিবি চেকপোস্টে আমাদের একজন নারী সহকর্মীর যৌন নির্যাতনের অভিযোগ উত্থাপনের ঘটনায় আমরা গভীরভাবে উদ্বেগিত।

ইতোমধ্যে আমরা আমাদের উক্ত সহকর্মীর নিরাপত্তা ও সুরক্ষার বিষয়টি নিশ্চিত করেছি। সবার জন্য ন্যায়বিচার নিশ্চিতের লক্ষ্যে গঠিত প্রতিষ্ঠান হিসেবে আমরা এ অভিযোগের নিরপেক্ষ তদন্ত এবং দায়ী ব্যক্তিদের জবাবদিহিতা ও দায়বদ্ধতা নিশ্চিত করার জন্য যারপরনাই প্রচেষ্টা চালাব ও যথাযথ পদক্ষেপ গ্রহণ করব।

পত্রিকার সংবাদে বিভিন্ন পক্ষ থেকে সংশ্লিষ্ট নারী সহকর্মীর নাম প্রকাশ করায় আমরা বিশেষভাবে উৎকর্ষা প্রকাশ করছি। এই প্রেক্ষিতে, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০- এ উল্লিখিত যৌন সহিংসতার শিকার নারী ও শিশুদের পরিচয় প্রকাশ না করার বিধানের প্রতি সকলের শ্রদ্ধাশীল থাকার জন্য আমরা আহ্বান জানাচ্ছি।

আমরা বিশ্বাস করি যে, নারীর প্রতি সহিংসতা নিরসনে সরকারের সর্বোচ্চ পর্যায়ের প্রতিশ্রুতি, উদ্যোগ এবং সহিংসতামুক্ত জীবন-যাপনে সাংবিধানিক অধিকারের প্রতি রাষ্ট্রের সব কর্তৃপক্ষ ও সংস্থার শ্রদ্ধাশীল থাকা সর্বাধিক গুরুত্বপূর্ণ।

আমরা শঙ্কিত যে, ভুল ও বিভ্রান্তিকর সংবাদ প্রকাশ ও প্রচার দায়বদ্ধতা ও জবাবদিহিতার প্রক্রিয়াকে ব্যাহত করতে পারে। বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ সামাজিক দায়িত্ব, এই দায়িত্ব নিষ্ঠার সাথে, নিরলসভাবে পালনের জন্য আমরা শ্রদ্ধাসহকারে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি।

যৌন নির্যাতন সংক্রান্ত উত্থাপিত অভিযোগের ক্ষেত্রে প্রথমেই অভিযোগকারীর সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করা ও ঘটনার দ্রুত নিরপেক্ষ তদন্ত অত্যাবশ্যিক।

বাংলাদেশের নারীদের প্রতি সকল প্রকার সহিংসতা নিরসনের লক্ষ্যে অব্যাহত সংগ্রামে আমরা রাষ্ট্রের সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ ও সংস্থা সহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করি।

আমাদের সহকর্মী কোনও ধরনের হুমকি বা হয়রানির সম্মুখীন হলে সেটি কোনভাবে গ্রহণযোগ্য নয়। সেটি বন্ধ হওয়া একান্ত জরুরি এবং আমরা সেই নিশ্চয়তা দাবি করছি।

এ ঘটনার সুষ্ঠু তদন্ত এবং আমাদের সকল সহকর্মীদের নিরাপত্তা ও নির্বিঘ্নে কাজ করতে পারার নিশ্চয়তার জন্য যে সকল পদক্ষেপ নেওয়া হচ্ছে তা আমরা সতর্কতার সাথে পর্যবেক্ষণ করছি।

প্রয়োজনে যোগাযোগ করুন:

mediainquiryblast@gmail.com